অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/29/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ব্রুকলিনে RUTH BADER GINSBURG MEMORIAL-এর জন্য আর্টিস্ট প্রতিযোগিতার শুরুর ঘোষণা করলেন

মেমোরিয়ালটি Brooklyn Bridge Park-এর পিয়ার 1-এ অবস্থিত হবে

এই মাসে বিচারপতি গিন্সবার্গের মৃত্যুর পাঁচ বছর পার হয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে Ruth Bader Ginsburg Memorial-এর আর্টিস্ট প্রতিযোগিতা শুরু হয়েছে এবং সাইট বাঁচা করা হয়েছে, যা Brooklyn Bridge Park-এর পিয়ার 1-এ অবস্থিত হবে। এই মাসে, 18 সেপ্টেম্বর, 2020 তারিখে, বিচারপতি Ginsburg-এর (গিন্সবার্গ) মৃত্যুর পাঁচ বছর পার হয়েছে, এবং এই ঘোষণাটি হলো পথপ্রদর্শক সুপ্রিম কোর্টের (Supreme Court) বিচারপতি এবং ব্রুকলিনের (Brooklyn) স্থানীয় বাসিন্দার লিগেসিকে সম্মান জানানোর একটি মাইলফলক। মেমোরিয়ালটি নাগরিক অধিকার, লিঙ্গ সমতা এবং আইনের শাসনের ক্ষেত্রে বিচারপতি Ginsburg-এর (গিন্সবার্গ) অসাধারণ অবদানকে উদযাপন করবে, এবং একই সাথে নিউ ইয়র্কের (New York) সবথেকে আইকনিক পানির সামনের পার্কগুলির একটিতে প্রতিফলন ও অনুপ্রেরণার একটি স্থান তৈরি করবে।

"Ruth Bader Ginsburg-এর (রুথ ব্যাডার গিন্সবার্গ) ব্রুকলিনের কন্যা যিনি আমেরিকান (American) বিচার ব্যবস্থার বিশাল এক অংশ হয়ে উঠেছেন," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "একজন ফেডারেল বিচারপতি হিসেবে তার চল্লিশ বছরের ক্যারিয়ারে, বিচারপতি Ginsburg (গিন্সবার্গ) আইনকে বদলে দিয়েছেন, সাহস ও মর্যাদার সাথে নেতৃত্ব দিয়েছেন। এই মেমোরিয়ালটি নিশ্চিত করবে যাতে ভবিষ্যতের জেনারেশনগুলি তার হোম বরোতে ভিজিট করতে পারেন এবং আইনের অধীনে সমান ন্যায়বিচারের প্রতি তার অবিচল প্রতিশ্রুতি, তার তুখোড় আইনি মেধা এবং বাঁধা ভাঙ্গার ব্যাপারে তার সংকল্প দেখে অনুপ্রাণিত হতে পারবেন। আজকে, আমরা প্রত্যেক আমেরিকানের জন্য আসার আলোর প্রতীক হবে এমন একটি স্থান তৈরি করে তার অতুলনীয় লিগেসিকে সম্মান জানাচ্ছি।"

বিচারপতি Ginsburg-এর (গিন্সবার্গ) কন্যা Jane C. Ginsburg (জেন সি গিন্সবার্গ) এবং বিচারপতি Ginsburg-এর (গিন্সবার্গ) নাতনি Clara Spera (ক্লারা স্ফেরা) বলেন, "আমাদের মা এবং নানীর জন্য এই মেমোরিয়াল করতে গভর্নরের ঘোষণা শুনে আমরা অনেক আনন্দিত, যা সেই বরোতেই অবস্থিত হবে যেখানে তিনি বড় হয়েছেন। আর্টিস্টরা কীভাবে তার দুর্দান্ত লিগেসিকে সম্মান জানানোর প্রস্তাব করবেন তা জানার জন্য আমরা আগ্রহী।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO, এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "Ruth Bader Ginsburg Memorial হবে নিউ ইয়র্কে সবথেকে অসাধারণ নেতাদের একজনের প্রতি স্থায়ী শ্রদ্ধাঞ্জলি এবং আগামী জেনারেশনগুলির জন্য অনুপ্রেরণার উৎস। আর্টিস্ট প্রতিযোগিতা শুরু করার মধ্যমে আমরা সেই সাহসী এবং সৃজনশীল ভিশন দেখানোর সুযোগ দিচ্ছি যা বিচারপতি Ginsburg-এর (গিন্সবার্গ) সমতার জন্য লড়াই, তার পথপ্রদর্শনকারী ক্যারিয়ার, এবং আমেরিকার সমাজে তার স্থায়ী প্রভাবকে সম্মান জানাবে। এই মেমোরিয়ালটি শুধু তার জীবনকে উদযাপন করবে না, বরং এছাড়াও তিনি যেই মূল্যবোধের পক্ষে কাজ করেছেন, অর্থাৎ ন্যায়বিচার, ন্যায্যতা, এবং অগ্রগতির বিষয়ে ভাবতে উৎসাহিত করবে।"

ব্রুকলিন বরোর প্রেসিডেন্ট Antonio Reynoso (অ্যান্টনিও রেয়োনোসো) বলেন, "Ruth Bader Ginsburg-এর (রুথ ব্যাডার গিন্সবার্গ) ছিলেন একজন পথপ্রদর্শক ব্রুকলিনের বাসিন্দা, সরকারি চাকরিতে তার অনেক স্তরের ক্যারিয়ার আমাদের সকলের জন্য ন্যায়বিচার, ন্যায্যতা, এবং সমান অধিকারকে অগ্রসর করছে। অন্যরা যাতে তার গল্প নিয়ে ভাবতে পারে এবং অনুপ্রেরণা খুঁজে নিতে পারে তার জন্য একটি সাইট তৈরি করে ব্রুকলিন যে তার লিগেসিকে সম্মান জানাবে তার জন্য আমি অনেক খুশি। ব্রুকলিনের সাংস্কৃতিক পরিচয়ের কেন্দ্রে আছে সৃজনশীলতার প্রকাশ, এবং আর্টিস্টরা যে বহু উপায়ে বিচারপতি Ginsburg-এর (গিন্সবার্গ) গল্পকে ফুটিয়ে তুলতে চাইবেন তা দেখার জন্য আমি আগ্রহী। এই চেষ্টায় নেতৃত্ব দেওয়ার জন্য গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ।"

Brooklyn Bridge Park-এর প্রেসিডেন্ট Eric Landau (এরিক ল্যান্ডাউ) বলেন, "বিচারপতি Ruth Bader Ginsburg-এর (রুথ ব্যাডার গিন্সবার্গ) এই মেমোরিয়ালের স্থান দিতে পেরে আমরা সম্মানিত। ন্যায়বিচার, সমতা, এবং সুযোগের পথপ্রদর্শক হিসেবে তার ঐতিহাসিক লিগেসি অনেক জেনারেশনকে অনুপ্রাণিত করে চলেছে, এবং তার অসাধারণ জীবন এবং তার স্থায়ী প্রভাব নিয়ে চিন্তা করতে একত্রিত হওয়ার জন্য কমিউনিটিকে একটি স্থান দিতে পারা একটি বিশেষ অধিকার।"

আর্টিস্টের জন্য আহ্বানটি আর্টিস্ট এবং ডিজাইন টিমগুলিকে সাবমিশন করতে আমন্ত্রণ জানায় যেখানে তাদেরকে আমেরিকান আইন ও সমাজের উপর বিচারপতি Ginsburg-এর (গিন্সবার্গ) ব্যাপক প্রভাবকে তুলে ধরতে হবে। প্রতিযোগিতাটি দুই ধাপে অনুষ্ঠিত হবে, 2026 সালের বসন্তে ফেজ 1-এর ফাইনালিস্টদের বাছাই করা হবে যারা বিস্তারিত প্রস্তাবনা তৈরির জন্য ফেজ 2-এ অগ্রসর হবেন।

প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে আগ্রহী আর্টিস্ট এবং ডিজাইন দল বিস্তারিত তথ্য এবং আবেদনের ম্যাটেরিয়াল এখানে পাবেন। ফেজ 1-এর জন্য জমা দেওয়ার শেষ তারিখ 2 ফেব্রুয়ারি, 2026।

এই প্রজেক্টটি এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের মাধ্যমে পরিচালিত 1 মিলিয়ন মার্কিন ডলার স্টেটের ক্যাপিটাল অনুদান দিয়ে সমর্থিত হবে, এবং রুথ ব্যাডার গিন্সবার্গ মেমোরিয়াল কমিশনের (Ruth Bader Ginsburg Memorial Commission) সদস্যরা প্রজেক্টের বাজেট

বাড়াতে বাড়তি বেসরকারি তহবিল পাওয়ার জন্য কাজ করছেন। 2020 সালে প্রথম প্রতিষ্ঠিত এই কমিশনে বিচারপতি Ginsburg-এর (গিন্সবার্গ) পরিবারের সদস্য, সাবেক ক্লার্ক এবং শিল্প ও অ্যাডভোকেসি কমিউনিটির নেতারা আছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন